

পরিচালক (বিপণন)



মোঃ আব্দুল মজিদ এনডিসি

যুগ্মসচিব

পরিচালক (বিপণন)

জনাব মোঃ আব্দুল মজিদ এনডিসি ৩১-০৭-১৯৬৫ সনে খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন ৮ নং রাডুলী ইউনিয়নে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে রাষ্ট্রবিজ্ঞানে এমএসএস, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজী সাহিত্যে এমএ এবং নর্দান বিশ্ববিদ্যালয় থেকে পাবলিক পলিসি ও ম্যানেজমেন্ট এমপিপিএম ডিগ্রি অর্জন করেন।

তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডার এর নবম ব্যাচের একজন কর্মকর্তা হিসেবে ১৯৯১ সালের ২৬ জানুয়ারীতে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে কাজে যোগদান করেন। অতঃপর মাঠ প্রশাসনে তিনি প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, এনডিসি, উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসক, পরিচালক, স্থানীয় সরকার এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।

বাংলাদেশ সচিবালয়ে সিনিয়র সহকারী সচিব ও উপসচিব হিসেবে তিনি যথাক্রমে ডাক ও টেলিযোগাযোগ, প্রাথমিক ও গণশিক্ষা এবং এলজিআরডি মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন।

বর্তমানে তিনি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পাটকল করপোরেশনে পরিচালক (বিপণন) হিসেবে দায়িত্ব পালন করছেন।